যুগান্তর

MAR. 06 2002

MAR. 05 2002

তারিখ ...

পৃষ্ঠা ৪ কলাম ৪

# ইংরেজি শিক্ষায় সরকারের সাম্প্রতিক প্রচেষ্টা কতটুকু সফল হবে?

বর্তমানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে ইংরেজি শিক্ষার জন্য- Communicative Method of Learning English চালু রয়েছে। ইতিমধ্যে, ২০০১ সালের এসএসসি পরীক্ষায় (ইংরেজি বিষয় দুটির প্রশ্নপত্র Communicative System-এ করা হয়) ছাত্রছাত্রীরা Communicative English -এ অংশগ্রহণ করেছে।

উল্লেখ্য, এই সিস্টেম প্রথম চালু হওয়ার সময় নবম/দশম শ্রেণীর জন্য প্রণীত English for Today তে Communicative-এর ওপর দুটি Model Question সংযুক্ত করা হয়েছিল। যা থেকে ছাত্রছাত্রীসহ সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকরা পরীক্ষার ব্যাপারে একটা পরিষ্কার ধারণা পেয়েছিলেন। এজন্য বিগত এসএসসি পরীক্ষায় ছাত্রছাত্রীদের কোন সমস্যায় পড়তে হয়নি। বর্তমান জোট সরকার ক্ষমতায় আসীন হওয়ার পর সম্প্রতি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ২০০২ শিক্ষা বর্ষ থেকে নতুন Communicaitve English Syllabus প্রবর্তন করেছে। পরবর্তীতে Syllabus i আলোকে N.C.T.B কর্তৃক সম্পূর্ণ নতুন ইংরেজি পাঠ্যবই English for Today Book Seven" (নবম শ্রেণীর জন্য) প্রণয়ন করা হয়েছে। এই পাঠ্যবইটি ইতিমধ্যে সারা দেশের (নবম শ্রেণীর) ছাত্রছাত্রীদের হাতে দেয়া হয়েছে। উল্লেখ্য, নবম শ্রেণীর জন্য নির্ধারিত নতুন ইংরেজি বইটি অন্যান্য শ্রেণীর ইংরেজি বই থেকে সম্পূর্ণ আলাদা। নতুন ইংরেজি বইয়ের প্রতিটি Lesson Ges Lesson শেষে exerciseগুলো ভিন্ন আঙ্গিকে রচিত হয়েছে। মূলত, এই বইয়ের ওপর T G (Teacher s Guide) ব্যতীত শিক্ষকদের পক্ষে ক্লাস নেয়া দুরূহ হবে বলে মনে হয়। তাছাড়া বইটিতে পরীক্ষার জন্য কোন Model Question না থাকায় ছাত্রছাত্রীদের মধ্যে এক ধরনের হতাশা বিরাজ করছে। পরীক্ষায় প্রশ্নপত্রের ধরন সম্বন্ধে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকরা কোন ব্যাখ্যা দিতে পারছেন না। এ ধরনের বিব্রতকর অবস্থায় সত্যিকার অর্থে ইংরেজি শিক্ষার আসল উদ্দেশ্য ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। বর্তমানে প্রচলিত Communicative Method-এর পূর্বে এ দেশে ইংরেজি শিক্ষায় Grammatical Method'র প্রচলন ছিল। কিন্তু সরকার ইংরেজি শিক্ষার প্রয়োজনীয়তা যথাযথ উপলব্ধি করে আন্তর্জাতিকভাবে স্বীকৃত Communicative Aproach মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে চালু করে। দীর্ঘদিন যাবৎ প্রচলিত Grammatical Method-এর পরিবর্তে নতুন Communicative Method-এর ওপর ছাত্র শিক্ষকসহ অভিভাবক মহলে বেশ আগ্রহের সৃষ্টি হয়। কিন্তু সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকরা নতুন প্রবর্তিত Communicative English-এর ওপর প্রয়োজনীয় প্রশিক্ষণ পাননি যাতে ছাত্রছাত্রীদের কাছে নতুনভাবে প্রণীত Communicative English সহজভাবে তুলে ধরতে পারেন। এ অবস্থায় প্রবর্তিত Communicative Method ছাত্রছাত্রীদের কাছে দুর্বোধ্য, জটিল ও কষ্টকর বিবেচিত হতে পারে। তাতে ইংরেজি শিক্ষার সরকারি প্রচেষ্টা বাধাগ্রস্ত হবে। প্রসঙ্গত উল্লেখ্য, মাধ্যমিক বিদ্যালয়ে ইংরেজি বিষয় পড়ানোর জন্য নির্ধারিত শিক্ষকদের অধিকাংশই তাদের শিক্ষা জীবনের উচ্চতর শ্রেণীতে ইংরেজি বিষয় পড়েননি। শুধুমাত্র উচ্চমাধ্যমিক পর্যায়ে সাধারণ ইংরেজিটুকু পড়েছেন, এরকম ইংরেজি শিক্ষকের সংখ্যা সারাদেশে নেহায়েত কম নয়। এই যদি হয় ইংরেজি শিক্ষকের অবস্থা, তাহলে প্রশ্ন ওঠা স্বাভাবিক, সম্মানিত এসব 'ইংরেজি শিক্ষকের' পক্ষে সম্পূর্ণ নতুনভাবে প্রণীত ও আন্তর্জাতিক মানের Communicative English পড়ানো সম্ভব কিনা। যদি 'না', হয়, তাহলে ইংরেজি শিক্ষায় সরকারের সাম্প্রতিক প্রচেষ্টা কতটুকু সফল হবে? ইংরেজি শিক্ষার বাস্তবতা ও প্রয়োজনীয়তা উপলব্ধি করেই সচেতন শিক্ষিত সমাজের অনেকে এ প্রশ্ন আজ করছেন।

হাসিম উদ্দিন আহমেদ